

## দেশসেরা স্কুল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৷ এবারের এসএসসি ও সমমানের পরীক্ষার ফলের ভিত্তিতে দেশের সেরা প্রতিষ্ঠানের তালিকায় প্রথম স্থান অর্জন করেছে ঢাকার ডেমরার শামসুল হক খান স্কুল এ্যান্ড কলেজ। দ্বিতীয় হয়েছে গতবার প্রথম স্থানে থাকা রাজউক উত্তরা মডেল স্কুল এ্যান্ড কলেজ। তৃতীয় স্থানে রয়েছে মতিঝিল আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ। চতুর্থ হয়েছে ভিকারুননিসা নূন স্কুল এ্যান্ড কলেজ এবং পঞ্চম হয়েছে টাঙ্গাইলের বিন্দুবাসিনী গব. বয়েজ হাইস্কুল। শনিবার প্রকাশিত এসএসসির ফলের ভিত্তিতে এই তালিকা প্রকাশ করা হয়। তবে এরপর থেকে সেরা (৪ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## দেশসেরা স্কুল

(প্রথম পৃষ্ঠার পর)  
স্কুলের তালিকা আর প্রকাশ করা হবে না বলেও শিক্ষা মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে।

সেরা ২০ প্রতিষ্ঠানের তালিকার মধ্যে রাজধানীর আরও দশটি স্কুল রয়েছে। তালিকায় ষষ্ঠ হয়েছে মতিঝিল গব. বয়েজ স্কুল, সপ্তম টঙ্গীর শফিউদ্দীন সরকার একাডেমি, অষ্টম ময়মনসিংহ জেলা স্কুল, নবম ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, দশম অবস্থানে যৌথভাবে ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ ও নরসিংদী এন কে এম হাইস্কুল এ্যান্ড হোমস। ১১তম হয়েছে রাজধানীর কাফরুলের শহীদ পুলিশ স্মৃতি স্কুল এ্যান্ড কলেজ, ১২তম বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ১৩তম টাঙ্গাইলের মির্জাপুর ক্যাডেট কলেজ, ১৪তম সেন্ট জোসেফ হাইস্কুল, ১৫তম মতিঝিল মডেল হাইস্কুল, ১৬তম ময়মনসিংহের বিদ্যাময়ী গার্লস হাইস্কুল, ১৭তম রাজধানীর নিউমার্কেটের গবর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, ১৮তম মতিঝিল গবর্নমেন্ট গার্লস হাইস্কুল, ১৯তম রাজধানীর ক্যান্টনমেন্টের বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এবং ২০তম রাজধানীর শহীদ লেফটেন্যান্ট বীর উত্তম আনোয়ার গার্লস কলেজ।

প্রাপ্ত তালিকা অনুযায়ী সেরা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্থান করে নেয়া শামসুল হক খান স্কুল এ্যান্ড কলেজের ৭৭৯ জন শিক্ষার্থী পাস করেছে। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৭৪০। দ্বিতীয় সেরা রাজউক উত্তরা মডেল স্কুল এ্যান্ড কলেজ থেকে ৫৪৪ পাস করেছে। এই প্রতিষ্ঠান থেকে জিপিএ-৫ পেয়েছে ৪৯৬ শিক্ষার্থী। তৃতীয় আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ থেকে মোট পাস করেছে ১ হাজার ৫৭৮ জন। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৪১৬ জন শিক্ষার্থী। চতুর্থ অবস্থানে থাকা ভিকারুননিসা নূন স্কুল এ্যান্ড কলেজ থেকে পাস করেছে ১ হাজার ৫০১। প্রতিষ্ঠানটি থেকে জিপিএ-৫ পেয়েছেন ১ হাজার ২৯০ জন শিক্ষার্থী। টাঙ্গাইলের বিন্দুবাসিনী গব. বয়েজ হাইস্কুল থেকে মোট পাসের সংখ্যা ৩৭৩। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৩৩০ শিক্ষার্থী।

ষষ্ঠ অবস্থানে থাকা মতিঝিলের গব. বয়েজ স্কুল থেকে পাস করেছে ৪১৫ এবং জিপিএ-৫ পেয়েছে ৩৪১। সপ্তম অবস্থানে থাকা টঙ্গীর শফিউদ্দীন সরকার একাডেমি থেকে পাস করেছে ৫৩৯। এদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৪২৬। অষ্টম ময়মনসিংহ জেলা স্কুল থেকে পাস করেছে মোট ২৭৩ এবং জিপিএ-৫ পেয়েছে ২৪৯। নবম ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ থেকে পাস করেছে ৫১৪ এবং জিপিএ-৫ পেয়েছে ৩৮৫।

বিভিন্ন বোর্ডের সেরা স্কুল ৷ ফলের ভিত্তিতে ঢাকা বোর্ডে প্রথম হয়েছে রাজধানী ডেমরার শামসুল হক খান স্কুল এ্যান্ড কলেজ, রাজশাহী বোর্ডে বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, বরিশাল বোর্ডে বরিশাল ক্যাডেট কলেজ, যশোর বোর্ডে ঝিনাইদহ ক্যাডেট কলেজ, দিনাজপুর বোর্ডে রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, সিলেট বোর্ডে সিলেট ক্যাডেট কলেজ, কুমিল্লা বোর্ডে কুমিল্লা জেলা স্কুল, চট্টগ্রাম বোর্ডে চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, মাদ্রাসা বোর্ডে দারুলজাভ